

উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের ০৯/০৮/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্দেশনা মোতাবেক ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের (৩০-১২-২০২০) সিদ্ধান্ত অনুসারে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম ত্রৈমাসিক সভা ০৯/০৮/২০২৩ তারিখ বুধবার বিকাল ৩:০০টায় সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস (কারস), ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিচালক মহোদয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের আহ্বায়ক ড. ইসতিয়াক এম সৈয়দ, অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের সদস্য ড. মো. মিজানুর রহমান, সহযোগী অধ্যাপক, অণুজীব বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, জনাব রাজিব মাহমুদ সামিম পারভেজ, ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৩), রেজিস্ট্রারের দফতর, ঢাকা বিশ্ববিদ্যালয়, বিকল্প সদস্য-সচিব জনাব ইমাম হাসান রাজা, সিনিয়র সিস্টেম এ্যাডমিনিস্ট্রেটর, আইসিটি সেল, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সদস্য-সচিব জনাব মো. বদরুল আহছান, উপ পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন দফতর, ঢাকা বিশ্ববিদ্যালয় উপস্থিত ছিলেন।

২. আলোচনা:

- ২.১. সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।
- ২.২. সভায় বিশ্ববিদ্যালয়ে চাকরির নতুন আবেদন অনলাইনভিত্তিক করার বিষয়ে আলোচনা করা হয়।
- ২.৩. সভায় প্রশাসনিক ভবনে সিটিজেন চার্টার প্রদর্শন বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়।
- ২.৪. সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং অধ্যয়নরত শিক্ষার্থীদের যাতায়াতের জন্য ব্যবহৃত বিশ্ববিদ্যালয়ের নিজস্ব পরিবহনগুলোতে vehicle tracking system বাস্তবায়ন ও DU Apps-এ ইন্টিগ্রেশন করার বিষয়ে আলোচনা করা হয়।
- ২.৫. সভায় উচ্চতর বিজ্ঞান গবেষণা কেন্দ্র (কারস)-এর Analytical Service সমূহ অনলাইন ভিত্তিক করা নিয়ে আলোচনা করা হয়।

২.৬. সভায় আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত করার বিষয়ে আলোচনা করা হয়।

২.৭. সভায় বিশ্ববিদ্যালয়ের বার্ষিক রিপোর্ট ম্যানুয়াল প্রক্রিয়ায় প্রস্তুত করার পরিবর্তে ওয়েব অ্যাপ্লিকেশনের মাধ্যমে অনলাইনে ডাটা গ্রহণ করে অটোমেটেড রিপোর্ট তৈরির বিষয়ে আলোচনা করা হয়।

২.৮. সভায় স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্ম পরিকল্পনা প্রণয়নের জন্য একটি সাব-কমিটি গঠনের বিষয়ে আলোচনা করা হয়।

৩. সুপারিশ :

৩.১. প্রাথমিক পর্যায়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক ও কর্মকর্তা পদে চাকরির নতুন আবেদন বর্তমান অর্থবছরে অনলাইনভিত্তিক করার সুপারিশ করা হয়। এতদবিষয়ে সংশ্লিষ্ট অফিসসমূহকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানোর সুপারিশ গৃহীত হয়।

৩.২. বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের দৃশ্যমান স্থানে সিটিজেন চার্টার প্রদর্শনের বিষয়টি বর্তমান অর্থবছরের মধ্যে বাস্তবায়নের সুপারিশ করা হয়। এতদবিষয়ে সংশ্লিষ্টগণকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানোর সুপারিশ গৃহীত হয়।

৩.৩. বিশ্ববিদ্যালয়ের নিজস্ব পরিবহনসমূহে vehicle tracking system বাস্তবায়ন ও DU Apps এর মাধ্যমে ইন্টিগ্রেশন বর্তমান অর্থবছরের মধ্যে বাস্তবায়নের সুপারিশ করা হয়। পরিবহন অফিস আইসিটি সেলের সাথে সমন্বয় করে বিষয়টি বাস্তবায়ন করবে মর্মে সুপারিশ গৃহীত হয়।

৩.৪. বিশ্ববিদ্যালয়ের উচ্চতর বিজ্ঞান গবেষণা কেন্দ্র (কারস)-এর Analytical Service বর্তমান অর্থবছরের মধ্যে অনলাইন ভিত্তিক করার সুপারিশ করা হয়। এতদবিষয়ে উচ্চতর বিজ্ঞান গবেষণা কেন্দ্র (কারস)-এর পরিচালক মহোদয়কে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানোর সুপারিশ গৃহীত হয়।

- ৩.৫. উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিমের আহ্বায়ক মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা)-এর সাথে আলোচনা করে ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন ও শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত করার প্রয়োজনীয় প্রক্রিয়া চূড়ান্ত করার সুপারিশ গৃহীত হয়।
- ৩.৬. বর্তমানে বিশ্ববিদ্যালয়ের Annual Performance Agreement (APA) অনুসারে ডাটা প্রদানের জন্য ব্যবহৃত ওয়েব অ্যাপ্লিকেশনটিকে আপগ্রেড করার মাধ্যমে APA-এর ডাটা গ্রহণের সাথে সাথে বিশ্ববিদ্যালয়ের বার্ষিক রিপোর্ট প্রস্তুতের জন্য প্রয়োজনীয় ডাটা গ্রহণের সুপারিশ করা হয়। ইনোভেশন টিমের আহ্বায়ক ও পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. ইসতিয়াক এম সৈয়দ পরামর্শ অনুযায়ী রেজিস্ট্রারের দফতরের ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৩) জনাব রাজিব মাহমুদ সামিম পারভেজ এবং জনসংযোগ দফতরের সহকারী পরিচালক তাওহিদা খানম তাসমিন আইসিটি সেলের সাথে সমন্বয় করে বিষয়টি বাস্তবায়ন করবেন।
- ৩.৭. সরকারি নির্দেশনা মোতাবেক স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্ম পরিকল্পনা প্রণয়নের জন্য নিম্নোক্ত ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি সাব-কমিটি গঠন করার সুপারিশ করা হয়।

ক্র. নং.	নাম ও পদবী	আহ্বায়ক/সদস্য
১.	অধ্যাপক ড. মুহাম্মদ সাহাদাত হোসেন সিদ্দিকী অর্থনীতি বিভাগ ঢাকা বিশ্ববিদ্যালয়	আহ্বায়ক
২.	ড. মো. মিজানুর রহমান সহযোগী অধ্যাপক অণুজীব বিজ্ঞান বিভাগ ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য
৩.	মো. রাশেদুর রহমান সহযোগী অধ্যাপক অর্গ্যানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশীপ বিভাগ ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য-সচিব

এই কমিটিকে ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে কর্ম পরিকল্পনা প্রণয়নের কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়।

পরিশেষে, আর কোন বিষয় না থাকায় কমিটির আহ্বায়ক ও সভার সভাপতি ড. ইসতিয়াক এম সৈয়দ, অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।

A. M. Syed.

ড. ইসতিয়াক এম সৈয়দ
অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, এবং
আহ্বায়ক, উদ্ভাবনী ধারণা/ইনোভেশন টিম
ঢাকা বিশ্ববিদ্যালয়।